# রাশিয়ান ফেডারেশন এবং অস্ট্রিয়া প্রজাতন্ত্র সফরের আগে প্রধানমন্ত্রীর বিশেষ বিবৃতি

জুলাই 08, 2024

আমি রাশিয়ান ফেডারেশনে ২২তম বার্ষিক শীর্ষ সম্মেলনের জন্য একটি সরকারি সফরে রওনা দিচ্ছি এবং আগামী তিন দিনের মধ্যে আমার প্রথম অস্ট্রিয়া সফর করব।

বিগত দশ বছরে ভারত ও রাশিয়ার মধ্যে বিশেষ এবং বিশেষাধিকারপ্রাপ্ত কৌশলগত অংশীদারিত্ব বিশেষত শক্তি, নিরাপত্তা, বাণিজ্য, বিনিয়োগ, স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি, পর্যটন এবং মানুষে মানুষে বিনিময়ের ক্ষেত্রগুলি যথেষ্ট শক্তিশালী হয়েছে।
আমার বন্ধু প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে দ্বিপাক্ষিক সহযোগিতার সব দিক পর্যালোচনা করার এবং বিভিন্ন আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়ে মত বিনিময় করার প্রতি উন্মুখ। আমরা একটি শান্তিপূর্ণ এবং স্থিতিশীল অঞ্চলের জন্য সমর্থনমূলক ভূমিকা পালন করতে চাই। এই সফরটি আমাকে রাশিয়ায় প্রানবন্ত ভারতীয় সম্প্রদায়ের সঙ্গেও সাক্ষাতেরও একটা সুযোগ দেবে বলে আশা করা যায়।

অস্ট্রিয়ায়, আমার প্রেসিডেন্ট আলেকজান্ডার ভ্যান ডের বেলেন এবং চ্যান্সেলর কার্ল নেহামারের সঙ্গে সাক্ষাতের সুযোগ হবে। অস্ট্রিয়া আমাদের স্থির এবং নির্ভরযোগ্য অংশীদার এবং আমরা গণতন্ত্র ও বহুত্ববাদের আদর্শগুলি ভাগাভাগি করে থাকি।
চার দশকেরও বেশি সময় পর এটি কোনও ভারতীয় প্রধানমন্ত্রীর প্রথম অস্ট্রিয়া সফর। আমি আমাদের অংশীদারিত্বকে নতুন এবং উদীয়মান ক্ষেত্র যেমন উদ্ভাবন, প্রযুক্তি এবং টেকসই উন্নয়ন সহ অন্যান্য ক্ষেত্রে আরও উচ্চতায় নিয়ে যাওয়ার জন্য আমার আলোচনার অপেক্ষায় রয়েছি। চ্যান্সেলর নেহামারের সঙ্গে, আমি উভয় দেশের ব্যবসায়িক নেতাদের সাথে পারস্পরিক সুবিধাজনক বাণিজ্য এবং বিনিয়োগের সুযোগগুলি অন্বেষণ করার জন্য মত বিনিময়ের অপেক্ষায় রয়েছি। আমি অস্ট্রিয়ায় ভারতীয় সম্প্রদায়ের সঙ্গেও মতামত বিনিময় করব, যারা তাদের পেশাদারিত্ব এবং আচরণের জন্য অত্যন্ত সুপ্রশংসিত।

**নতুন দিল্লি**
**জুলাই 08, 2024**